গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৮/০৯/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৫ তম সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ এরশাদ উর-রশীদ<br>পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ২৮ সেপ্টেম্বর ২০১৬ ; সকাল ১০.০০ ঘটিকায়। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৬ টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ পর্যালোচনায় দেখা যায় যারা মেন্টর হিসাবে নিয়োজিত রয়েছেন তন্মধ্যে সভাপতি মোঃ এরশাদ-উর-রশীদ তাঁর জন্য নির্ধারিত ১টি উপজেলার (বেকারমুক্ত গ্রাম) রূপসা উপজেলা ইনোভেটরের সাথে যোগাযোগ রেখেছেন এবং তাকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেছেন। রূপসা উপজেলার পাইলটিং এর মেয়াদ অক্টোবর ২০১৬ তে শেষ হবে বলে আশা করা যায়। কমিটির সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক তার জন্য নির্ধারিত গুলশান ইউনিট থানার যুব উন্নয়ন কর্মকর্তা 'সংগঠনের মাধ্যমে বেকার যুবদের প্রশিক্ষণ প্রদান এবং আত্মকর্মী হিসেবে গড়ে তোলা'র উদ্যোগের উপর কাজ করছেন। তিনি তার মেন্টিকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে চলছেন। উপপরিচালক(প্রশিক্ষণ) জনাব মাসুদা আকন্দ সভাকে জানান যে তিনি চিরিরবন্দর, এবং মানিকগঞ্জ সদর উপজেলার কর্মকর্তাদের মেন্টরিং করছেন। তাঁর দায়িত্বপ্রাপ্ত উপজেলার ইনোভেটরগণ Women empowerment এর উপর কাজ করছেন। সভায়, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রমের তথ্যচিত্র সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারের উপর গুরুত্বারোপ করা হয়। সভাকে অবহিত করা হয় যে, মাঠ পর্যায়ের সকল অফিসে Facebook page খোলার নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়েছে। যার সময়সীমা আগামী ১০/১০/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত। যুব উন্নয়ন অধিদপ্তরের blog কে active করার উদ্যোগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

২। সভায় জানানো হয় যে, ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা যথা সময়ে তৈরী করে যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি মাসে ইনোভেশন টিমের সভা অনুষ্ঠানসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ইনোভেশন টিমের সদস্যগণ মাঠ পর্যায়ের ইনোভেটরদের কার্যক্রমে মেন্টরশিপ অব্যাহতভাবে প্রদান করছেন। তবে অধিকতর সচেতনভাবে এবং আন্তরিকতার সাথে এ দায়িত্ব পালনের বিষয়ে আলোচনা ও সুপারিশ গৃহীত হয়। ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসাবে মাঠ পর্যায়ের ইনোভেটরদের সমন্বয়ে গত জুন ২০১৬ মাসে ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। মাঠ পর্যায়ের ইনোভেটরদের প্রনোদনা প্রদানের নীতি প্রণয়নের জন্য কমিটি গঠন বিষয়ে আলোচনা হয়। আলোচনাক্রমে উপপরিচালক(প্রশিক্ষণ) জনাব মাসুদা আকন্দকে আহবায়ক, হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ ফজলুল হক সদস্য, সহকারী পরিচালক(শৃংখলা) জনাব মোঃ আতাউর রহমান সদস্য, নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার জনাব মোঃ শাহাদাত হোসেন সদস্য এবং সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) জনাব ফারিহা নিশাত, সদস্যগণকে নিয়ে কমিটি গঠিত হয়। কমিটিকে আগামী এক মাসের মধ্যে একটি নীতি প্রনয়ন করার জন্য অনুরোধ জানানো হয়।

৩। সভাপতি সভাকে অবহিত করেন যে, এটুআই প্রোগ্রামের ফরমস বাতায়নের একটি সভা সম্প্রতি জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ আবেদন অনলাইনে সাবমিশনের প্রক্রিয়াটি তথায় অর্ন্তভুক্ত রয়েছে। এ দিকে অধিদপ্তরের আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষনের আবেদন অনলাইনে সাবমিশন প্রক্রিয়া বিষয়ে কাজ করার লক্ষ্যে একটি সফটওয়ার তৈরীর জন্য এটুআই এর রাউন্ড ৭ হতে অনুদান ও পাওয়া গেছে। কাজেই বিষয়টির দ্বৈততা হবে কিনা সে বিষয়ে মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে এটুআইকে অবহিত করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া ফরমস বাতায়নে অধিদপ্তরের যে সমস্ত ফরমসগুলো রয়েছে সেগুলো হতে বাস্তবায়ন শাখার ৪টি ফরম, দারিদ্র বিমোচন শাখার ২টি ফরম, প্রশিক্ষণ শাখার ১টি ফরম ও ন্যাশনাল সার্ভিস শাখার ১টি ফরমসহ মোট ৮টি ফরম যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ফরমস বাতায়নে পাঠানোর বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখার উপপরিচালক ও সহকারী পরিচালক পর্যায়ের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হয়। সকলের অংশগ্রহণে এ ব্যাপারে প্রাণবন্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

৪। সভাপতি সভাকে অবহিত করেন যে, গত ২৯ ও ৩০ নভেম্বর ২০১৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন প্রশিক্ষন কর্মশালায় অধিদপ্তরের যে সমস্ত কর্মকর্তা অংশগ্রহণ করেছিলেন তাদেরকে অদ্যকার সভায় আমন্ত্রণ জানানোর উদ্দেশ্য হল প্রশিক্ষণের সময় মোট ৪টি গ্রুপে সেবা সহজীকরণের পক্ষে গৃহীত উদ্যোগগুলি আসন্ন কেন্দ্রীয় ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠেয় ইনোভেশন সার্কেলে উপস্থাপন করতে হবে বিধায় প্রস্তুতি নিতে অনুরোধ জানানো হয়। ইনোভেটরদের কাজের সুবিধার্থে পূর্বের উদ্যোগ পরিবর্তন করে নতুন উদ্যোগ গ্রহন করার বিষয়েও আলোচনা হয়।

৫। সভাপতি ইনোভেশন টিমের সদস্যদের মেনটরিং বিষয়ে অভিমত প্রকাশ করেন যে, যিনি যে ইনোভেটরকে মেনটরশীপ দেবেন তাকে অবশ্যই কাজের শুরু হতে শেষ পর্যন্ত বিভিন্ন ধাপ, সময় ও করণীয় নির্ধারণ করে নির্ধারিত সময়ের মধ্যে অভিষ্ট লক্ষ্যে নিয়ে যাওয়ার জন্য অব্যাহতভাবে কাজ করবেন। সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী ইতোমধ্যে (১) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের ক্লাশ রুমে Smart Board স্থাপন (২) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ইনোভেটিভ আইডিয়াসহ অন্য সকল পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি "পরামর্শ বক্স" স্থাপন (৩) ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রণয়ন ও অন লাইনে প্রেরণ (৪) মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় (৫) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সের শিরোনামে কোড নম্বর ব্যবহার (৬) ট্রেনিং অন বোট (হাওড়/চর এলাকায় অনগ্রসর দরিদ্র যুবদের জন্য) (৭) সমাজ বিরোধী কর্মকান্ডে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে যুব সংগঠন ও অধিদপ্তরের সেবা গ্রহনকারীদের পরামর্শ ও মতবিনিময়ের জন্য "যুব আড্ডা" নামে একটি ওয়েব পেজ চালু করা (৮) SDGs বাস্তবায়নে যুব সংগঠনের সদস্য ও সংগঠকদের সম্পৃক্তকরণঃ র‍্যালি (রোড শো) আয়োজন (৯) যুববান্ধব পরিকল্পনা প্রণয়ন ডেমোগ্রাফিক ডিভিডেন্ট কাজে লাগিয়ে টেকসই উন্নয়ন (১০) সঠিক ও নির্ভূল তথ্যপ্রবাহ যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের মূলভিত্তি (১১) PRL এ গমনের পূর্ব প্রস্তুতি সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণ (১২) মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি online এ আবেদন এবং ছুটি হিসাব রেজিষ্টারে সংরক্ষণ (১৩) যুব ভবনের মূল ফটকে বিভিন্ন স্লোগান সম্বলিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন (১৪) প্রধান কার্যালয়সহ মাঠ কার্যালয়সমূহে একাউন্টিং সফটওয়্যার ও HRMS (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম) সফটওয়্যার তৈরি। এ পর্যন্ত মোট ১৪ টি ইনোভেটিভ আইডিয়া মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।
বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

**সুপারিশ :**

০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্য কর্তৃক মেন্টর হিসেবে পালনীয় দায়িত্ব আলোচনা ও পরামর্শ মাফিক যথাযথভাবে পালন অব্যাহত রাখা এবং কমপক্ষে ১ টি উপজেলার ইনোভেটরকে অব্যাহত মেন্টরশীপ প্রদান বাধ্যতামূলক;
০২। প্রতিমাসে দুইটি আইডিয়া মন্ত্রণালয়ে পাঠানোর ব্যবস্থা নেয়া;
০৩। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করা;
০৪। চলতি বছরের জন্য গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সময়োপযোগী উদ্যোগ গ্রহণ;
০৫। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন;
০৬। ফরমস বাতায়নে প্রদেয় ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারণ ইত্যাদি ;
০৭। আসন্ন ইনোভেশন সার্কেলে উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণকে প্রস্তুতি গ্রহণ এবং প্রয়োজন বশতঃ পূর্বের উদ্যোগ পরিবর্তন করে নতুন উদ্যোগ গ্রহণ ও দ্রুত কাজ এগিয়ে নেয়া ইত্যাদি।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-২৯ তারিখঃ ২৬/১০/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব------------------------------------------------ সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব------------------------- উপপরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার)
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

## পরিশিষ্ট "ক"

২৮/০৯/২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচচালক(প্রশিক্ষণ) | অস্পষ্ট |
| ২ | জনাব এস এম কামরুল হাসান<br>উপ-প্রকল্প পরিচালক (জোরদারকরণ প্রকল্প) | অস্পষ্ট |
| ৩ | জনাব মোঃ দেলোয়ার হোসাইন<br>উপপরিচালক, ঢাকা জেলা | অস্পষ্ট |
| ৪ | জনাব মোঃ আব্দুর রেজ্জাক<br>উপপরিচালক(প্রোগ্রামার) | অস্পষ্ট |
| ৫ | সৈয়দ আবদুল কাইয়ুম<br>উপপরিচালক(পরিকল্পনা)(চঃদাঃ) | অস্পষ্ট |
| ৬ | জনাব মোঃ মতিউর রহমান তালুকদার<br>উপপরিচালক(দাঃ বি ও ঋণ)(চঃদাঃ) | অস্পষ্ট |
| ৭ | ফরহাত নূর<br>উপপরিচালক(বাস্তবায়ন)(চঃদাঃ) | অস্পষ্ট |
| ৮ | জনাব ফরিদা ইয়াসমিন<br>উপপরিচালক(দাঃ বিঃ ও ঋণ)(চঃদাঃ) | অস্পষ্ট |
| ৯ | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক(আইসিটি) | অস্পষ্ট |
| ১০ | জনাব শাহীনূর রহমান<br>সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) | অস্পষ্ট |
| ১১ | জনাব মোঃ আতাউর রহমান<br>সহকারী পরিচালক (শৃংখলা) | অস্পষ্ট |
| ১২ | জনাব  মোঃ ফজলুল হক<br>সহকারী পরিচালক | অস্পষ্ট |
| ১৩ | জনাব মোঃ সুলতান আহম্মেদ<br>সহকারী প্রকল্প পরিচালক(টেকাব) | অস্পষ্ট |
| ১৪ | জনাব হাসিনা মমতাজ<br>সহকারী পরিচালক (কেন্দিয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার) | অস্পষ্ট |
| ১৫ | মোঃ মোয়াজ্জেম হোসেন গাজী<br>সহকারী পরিচালক (ঢাকা জেলা) | অস্পষ্ট |
| ১৬ | জনাব মোঃ আবুল বাসার<br>সহকারী পরিচালক (বাস্তবায়ন) | অস্পষ্ট |
| ১৭ | ফাতেমা বেগম<br>সহকারী পরিচালক(প্রশিক্ষণ) | অস্পষ্ট |
| ১৮ | কে এম জাহিদ হোসেন<br>সহকারী পরিচালক (প্রশাসন) | অস্পষ্ট |
| ১৯ | জনাব অশোক কুমার সাহা<br>সহকারী প্রকল্প পরিচালক | অস্পষ্ট |
| ২০ | জনাব ফারিহা নিশাত<br>সহকারী পরিচালক | অস্পষ্ট |
| ২১ | জনাব জাহানারা পারভীন<br>সহকারী পরিচালক (প্রকাশনা) | অস্পষ্ট |